

**মনোবিজ্ঞান বিভাগে 'Career Information and Job Preparation' শীর্ষক সেমিনার
অনুষ্ঠিত**



৩ অক্টোবর, ২০১৮- বুধবার সকাল ১১ টায় মনোবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে হেকেপ প্রজেক্টের Advance Teaching- Learning in Psychology (ATLP-HEQEP CPSF 292) এর আয়োজনে বিভাগীয় সেমিনার কক্ষে 'Career Information and Job Preparation' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় হেকেপ প্রজেক্টের CPSF 292 এর SPM অধ্যাপক ড. অশোক কুমার সাহা এর সভাপতিত্বে সেমিনারে স্বাগত বক্তব্য দেন সহকারী অধ্যাপক মো: শাহীন মোল্লা। আমন্ত্রিত বক্তা হিসেবে ছিলেন Bikroy.Com (Job) এর টীম লীডার মিথুন কুমার সাহা। এসময় সেমিনারে বিভাগীয় শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।